

পাহাড়

বহুদূর সরীসৃপ রং বদলায় পাহাড়ের মতো
রাতের পাহাড় ছায়ার দানব সেজে
ঝড়ের বল্লম ছুঁয়ে সারারাত যুদ্ধ করে
সকালে পাখির ডাকে সন্ধিকরে
শান্ত সমাহিত থাকে সারাদিন ধরে

গোধূলি লগ্নে ফের প্রশস্ত পর্বত
দিগন্তের পটে আঁকা জলরঙ ছবি
ফ্রেমে বাঁধা দেওয়ালে টাঙানো

পাহাড়ের যে কুঠিতে বসতি আমার
ফ্রেমে বাঁধা সেই ছবি তখন কবিতা

রাত্রির অন্ধকারে পাহাড়ের ছায়ারা ফের
ঝড়ের বল্লম নিয়ে যুদ্ধে মেতে ওঠে।

গজেন্দ্র কুমার ঘোষ

